

Online-এ বিদ্যুৎ এর নতুন সংযোগ

ডেসকো ওয়েবসাইট

www.desco.org.bd



আবেদন করার পেজের ঠিকানাঃ

<https://onlineapplication.desco.org.bd/>



ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো)

www.desco.org.bd

নতুন সংযোগ আবেদনের পদ্ধতি

- “Apply for Online New Connection” এর মাধ্যমে প্রথমে নতুন সংযোগের আবেদন করার পেজে যেতে হবে। অথবা “Online New Connection” link এর মাধ্যমেও নতুন সংযোগের আবেদন করার পেজে যেতে পারবেন।
- আবেদন করার Home পেজে গ্রাহক তার প্রয়োজনীয় ট্যারিফের (গ্রাহক শ্রেণীর) জন্য প্রদত্ত নির্দেশনাসমূহ (বাংলায় বা English-এ) দেখে নিবেন।
ট্যারিফ সমূহের নিয়মাবলিঃ
 ১. আবাসিক সংযোগ
 ২. উচ্চচাপ (এইচটি) সংযোগ
 ৩. বানিজ্যিক সংযোগ
 ৪. ক্ষুদ্র শিল্প সংযোগ
 ৫. অস্থায়ী সংযোগ
- প্রযোজ্য ক্ষেত্রে নির্ধারিত ফর্মঃ
 - লোড নির্ধারণের ফর্ম
 - ওয়্যারিং সার্টিফিকেট ফর্ম
- Apply লিংকে Click করলে Online application form টি আসবে।
- লাল স্টার (*) দেয়া নির্ধারিত বিষয়টির তথ্য অবশ্যই পূরণ করতে হবে।
- নির্ধারিত জায়গায় গ্রাহকের নিজ নাম, মোবাইল নম্বর, ছবি (যদি থাকে) এবং লোড, গ্রাহক শ্রেণী, স্থাপনার সঠিক ঠিকানা ইত্যাদি পূরণ করতে হবে।
- একই স্থাপনার জন্য একই আবেদনে একাধিক মিটার হলে নিজ অথবা ভিন্ন গ্রাহকের ক্ষেত্রে প্রয়োজন হলে ভিন্ন ভিন্ন তথ্য সঠিকভাবে পূরণ করে Submit করতে হবে। এক্ষেত্রে Tracking Number একই থাকবে তবে Meter Serial ক্রমানুসারে বাড়তে থাকবে।
- আবেদন Submit সম্পন্ন হবার পর একটি Yes/No সম্বলিত মেসেজ ডিসপ্লেতে দেখাবে। একটি আবেদনে একাধিক মিটারের চাহিদা পূরণ করার জন্য প্রতিবার Yes ক্লিক করতে হবে, অন্যথায় No ক্লিক করতে হবে।
- ডেসকো’র সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ সঠিকভাবে নির্ধারন করার জন্য সঠিক এরিয়ার নাম পূরণ করবে।
- Online Application System এর মাধ্যমে আবেদন সম্পূর্ণ হলে গ্রাহক পূরণকৃত আবেদনটি website হতে Print করে নির্দেশিত সকল প্রয়োজনীয় Documents এবং Photo সহ আবেদন Confirm হবার ৪৮ ঘন্টা পরে গ্রাহক অথবা যে কোন প্রতিনিধি ডেসকো’র সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগের এক অবস্থানে সেবা কেন্দ্রে জমা দিবেন।
- আবেদনে উল্লেখিত উক্ত গ্রাহকের Mobile No. এ প্রাপ্ত Tracking Number এবং PIN Number গ্রাহকের পরবর্তীতে যে কোন প্রয়োজনে ব্যবহার করতে পারবেন।
- পরবর্তীতে গ্রাহকের আবেদনের সকল পর্যায়ক্রমিক ধাপ এর অবস্থা উক্ত Tracking Number and Meter Serial এর বিপরীতে গ্রাহককে Mobile No. অনুযায়ী SMS এবং প্রযোজ্য ক্ষেত্রে Email এর মাধ্যমে অবহিত করা হবে।

Online Application System এর হোম পেজে অর্থাৎ <https://onlineapplication.desco.org.bd/> লিংকের বিভিন্ন অপশন ব্যবহার করে নিম্নবর্ণিত সেবা প্রদান করা হয় :

- **View Status** অপশন থেকে **Tracking Number** এবং **PIN Number** ব্যবহার করে মিটার অনুযায়ী আবেদনের বর্তমান অবস্থা সম্পর্কে নিম্নবর্ণিত বিষয়ে অবহিত হতে পারবেন।
 - একটি আবেদনে মোট মিটারের চাহিদা এবং প্রতিটির বর্তমান অবস্থা দেখাবে।
 - আবেদনকারীর প্রতিটি মিটারের বিপরীতে ডেসকো কর্তৃক যে সকল পদক্ষেপ সম্পন্ন করা হয়েছে তার **Status**।
 - গ্রাহককে তার আবেদন সম্পর্কে অবহিত করার জন্য যে সকল **SMS** ও **Email** পাঠানো হয়েছে তার **Status**।
- অনলাইনে আবেদন ফরম পূরণ করা হয়েছে কিন্তু **Confirm** করা হয়নি এই সকল ক্ষেত্রে **Confirm Submission** অপশন থেকে **Tracking Number** এবং **PIN Number** ব্যবহার করে সম্পূর্ণ আবেদনটি **Confirm** করা যাবে। **Confirm Submission** সম্পন্ন হয়ে গেলে অনলাইনের মাধ্যমে আবেদনের কোন তথ্য পরিবর্তন করা যাবে না। এর পরে ও কোন আবেদনের কোন তথ্য পরিবর্তনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগে যোগাযোগ করতে হবে।
- অনলাইনে আবেদন ফরম পূরণ করে **Confirm** করার পূর্ব পর্যন্ত যে কোন পরিবর্তনের প্রয়োজন হলে **Update Application** অপশন থেকে **Tracking Number** এবং **PIN Number** ব্যবহার করে মিটার অনুযায়ী তথ্য পরিবর্তন করে সম্পূর্ণ আবেদনটি **Confirm** করা যাবে।
- আবেদনকারী তার **PIN** নম্বর ভুলে গেলে **Forgot PIN** অপশন থেকে **Tracking Number** ব্যবহার করে **Submit** করলে আবেদনে উল্লেখিত মোবাইল নম্বরে **PIN** নম্বর সম্বলিত **SMS** পাবেন।
- আবেদনকারী তার **Tracking Number** ভুলে গেলে **Forgot Tracking** অপশন থেকে আবেদনে উল্লেখিত মোবাইল নম্বর ব্যবহার করে **Submit** করলে উক্ত মোবাইল নম্বরে **Tracking Number** সম্বলিত **SMS** পাবেন।
- আবেদনকারী তার যে কোন মতামত জানাতে **Feedback** অপশন থেকে মতামত জানাতে পারেন।
- আবেদনকারীর তার আবেদনের **Reprint** নেয়ার প্রয়োজন হলে **Reprint** অপশন থেকে পুনঃ প্রিন্ট নিতে পারবেন।
- প্রযোজ্য ক্ষেত্রে ওয়্যারিং সার্টিফিকেট এর জন্য নির্ধারিত ফর্ম পেতে **Wiring Form** অপশন থেকে ডাউনলোড এবং প্রিন্ট নিতে পারবেন।